DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:59 PM

সারাদেশ

# আদিবাসীদের ওপর হামলার প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




আদিবাসীদের নিরাপত্তা নিশ্চিত করা এবং হামলার প্রতিবাদে কুষ্টিয়ার মিরপুরে মানববন্ধন করেছেন স্থানীয় আদিবাসী সম্প্রদায়ের লোকজন। সোমবার (১৭ আগস্ট) বিকেলে মিরপুর পৌর এলাকার সর্দারপাড়ায় মিরপুর আদিবাসী সম্প্রদায়-এর ব্যানারে আয়োজিত এ মানববন্ধনে কয়েক শ নারী-পুরুষ অংশ নেন।

মানববন্ধনে অংশ নেওয়া ব্যক্তিরা অভিযোগ করেন, সর্দারপাড়ায় জাসদ নেতা আলিম একটি চারতলা বাড়ি নির্মাণ করেছেন। তবে বাড়িটির পানি নিষ্কাশনের যথাযথ ব্যবস্থা করা হয়নি। বিভিন্ন সময় আদিবাসীদের ব্যবহৃত টিউবওয়েলের পাশ দিয়ে পাইপের মাধ্যমে মলমূত্র জিকের খালে ফেলা হয়। এতে টিউবওয়েলের আশপাশে মলমূত্র জমে দুর্গন্ধ ছড়ায় এবং পরিবেশ দূষিত হচ্ছে।

অভিযোগকারীরা বলেন, বিষয়টি নিয়ে আলিমকে একাধিকবার নিষেধ করা হলেও তিনি ক্ষিপ্ত হয়ে আদিবাসীদের সঙ্গে দুর্ব্যবহার করেন। এরই ধারাবাহিকতায় রোববার রাতে আবারও পাইপের মাধ্যমে মলমূত্র অপসারণের চেষ্টা করা হলে স্থানীয়রা তাঁকে বাধা দেন। এতে আলিম ক্ষিপ্ত হয়ে তাঁর আত্মীয়স্বজনকে ডেকে এনে আদিবাসীদের ওপর হামলা চালান বলে অভিযোগ করা হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, ওই হামলায় আদিবাসী সম্প্রদায়ের বসুসহ তিনজন আহত হয়েছেন। এ ঘটনার পর এলাকায় আদিবাসীদের মধ্যে নিরাপত্তাহীনতা তৈরি হয়েছে। তাঁরা দ্রুত হামলার সঙ্গে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

আন্দোলনকারীরা আলিম, তাঁর আত্মীয় মাইনুলসহ হামলার সঙ্গে জড়িত সব ব্যক্তিকে দ্রুত গ্রেপ্তার করে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান। একই সঙ্গে এলাকায় বসবাসরত আদিবাসীদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসনের কার্যকর পদক্ষেপও দাবি করেন তাঁরা।

---

## এ বিভাগের আরও খবর



**পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার**

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**

জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**

সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...




**ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত**

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/adibasider-opr-hamlar-prtibade-kushtiyay-manbbndhn